সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়
৩৫-৪২, ৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

হালনাগাদকৃত সেবা নির্দেশিকা

ফোন	:	পিএবিএক্স : ৯৫৫০৪২৬-৩১,৩৩,৩৪ এবং ৯৫৫২৯২৪
ফ্যাক্স	:	৮৮-০২-৯৫৬১৪১০
টেলেক্স	:	৬৪২৬৪৪ এসবিডি/বিজে ৬৪২৮২৪ এসবিডি/বিজে
সুইফট	:	BSONBDDH
ই-মেইল	:	gmitd@sonalibank.com.bd dgmmdd@sonalibank.com.bd
ওয়েব সাইট	:	www.sonalibank.com.bd

সোনালী ব্যাংক কর্তৃক প্রথম প্রকাশ : ২০০৭

সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক হালনাগাদকৃত : ২০১১

সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক পুনঃহালনাগাদকৃত : ২০১২

সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক পুনঃহালনাগাদকৃত : ২০১৫

সিটিজেন চার্টার

সোনালী ব্যাংক লিমিটেড এর সম্মানিত গ্রাহকবৃন্দকে কি কি সেবা প্রদান করা হয় তা সিটিজেন চার্টারে সংক্ষেপে বর্ণনা করা হয়েছে। এছাড়াও আমানত ও ঋণের ওপর প্রযোজ্য সুদের হার এবং বিভিন্ন প্রকার সেবার বিপরীতে সার্ভিস চার্জ-এর হার চার্টারে উল্লেখ করা হয়েছে। গ্রাহকদের কোন অভিযোগ থাকলে যার কাছে অভিযোগ করতে হবে তার ঠিকানা ও টেলিফোন নম্বর সিটিজেন চার্টারে উল্লেখ আছে। সিটিজেন চার্টার সোনালী ব্যাংক লিমিটেড এর সকল শাখা, রিজিওনাল অফিস, প্রিন্সিপাল অফিস, জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ে বিনামূল্যে পাওয়া যাবে। সিটিজেন চার্টার সুন্দর ও টেকসই ব্যাংকার-গ্রাহক সম্পর্ক গড়ে তুলতে সহায়ক হবে বলে আমাদের বিশ্বাস।

সোনালী ব্যাংক লিমিটেড

সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশের সর্ববৃহৎ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। সারাদেশে সোনালী ব্যাংক লিমিটেড এর বিস্তৃত নেটওয়ার্ক রয়েছে। জনসাধারণের দোরগোড়ায় সব ধরনের ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার পাশাপাশি দেশের আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখা সোনালী ব্যাংক লিমিটেড এর লক্ষ্য। আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহার করে দ্রুত ও সঠিক সেবা প্রদানের মাধ্যমে গ্রাহকবৃন্দের সন্তুষ্টি বিধানকল্পে সোনালী ব্যাংক লিমিটেড অঙ্গীকারবদ্ধ।

সোনালী ব্যাংক লিমিটেড-এর শাখা ও অফিসসমূহ

মোট শাখার সংখ্যা	:	১২০৮টি
দেশের অভ্যন্তরে শাখার সংখ্যা	:	১২০৬টি
দেশের অভ্যন্তরে শহর এলাকায় শাখার সংখ্যা	:	৬৪২টি
দেশের অভ্যন্তরে গ্রামাঞ্চলে শাখার সংখ্যা	:	৫৬৪টি
দেশের বাইরে শাখার সংখ্যা	:	২টি
জেনারেল ম্যানেজার'স অফিস	:	১১টি
প্রিন্সিপাল অফিস	:	৪৬টি
রিজিওনাল অফিস	:	১৬টি

অফিসের সময়সূচী : রবিবার থেকে বৃহস্পতিবার
সকাল ১০ টা থেকে বিকাল ৬ টা পর্যন্ত।

লেনদেনের সময়সূচী : রবিবার থেকে বৃহস্পতিবার
সকাল ১০ টা থেকে দুপুর ৪ টা পর্যন্ত।
(রমজান মাসে লেনদেন সময়সূচী পরিবর্তনযোগ্য)

গ্রাহক এবং সেবা সম্পর্কিত তথ্য

হিসাব খুলে যিনি সন্তোষজনকভাবে হিসাব পরিচালনা করেন তিনিই এই ব্যাংকের একজন মূল্যবান গ্রাহক। এছাড়াও ব্যাংকের যে কোন সেবা গ্রহণের জন্য যিনি ব্যাংকে পদার্পন করেন তিনিও ব্যাংকের সম্মানিত গ্রাহক।

ব্যাংকের বিভিন্ন ধরণের সেবা সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি জানানোর জন্য এবং নির্দিষ্ট সেবা পেতে কি পরিমাণ সময় প্রয়োজন তা গ্রাহককে অবহিত করার জন্য গুরুত্বপূর্ণ শাখাসমূহে শাখার দর্শনীয় স্থানে প্রথম সেবা প্রদানকারী বা ফোকাল পয়েন্ট হিসেবে 'হেলপ ডেস্ক' (Help Desk) চালু রয়েছে। যেকোনো প্রকার জিজ্ঞাসা, সমস্যা বা অভিযোগের জন্য গ্রাহকবৃন্দ হেলপ ডেস্ক-এর কর্মকর্তার সাহায্য নিতে পারেন।

সোনালী ব্যাংক লিমিটেড প্রদত্ত বিভিন্ন ধরণের সেবা

০১. আমানত হিসাব :

চলতি হিসাব।
সঞ্চয়ী আমানত।
স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি)।
স্থায়ী আমানত।
স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম (এসডিপিএস)।
সোনালী সঞ্চয় স্কীম (এসডিএস)।
শিক্ষা সঞ্চয় স্কীম (ইডিএস)।
চিকিৎসা সঞ্চয় স্কীম (এমডিএস)।
পল্লী সঞ্চয় স্কীম (আরডিএস)।
মাসিক উপার্জন প্রকল্প (এমইএস)।
বিবাহ সঞ্চয় স্কীম (এমএসএস)।
ডাবল বেনিফিট স্কীম (ডিবিএস)।
অনিবাসী আমানত স্কীম (এনআরডিএস)।
সোনালী ব্যাংক ডেইলী প্রফিট স্কীম (এসবিডিপি)।
স্কুল ব্যাংকিং স্কীম (এসবিএস)।
অবসর সঞ্চয় স্কীম (আরএসএস)।
সোনালী ব্যাংক অবসর সঞ্চয় স্কীম (এসবিআরএসএস)।
সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় খোলা হিসাব।
ট্রিপল বেনিফিট স্কীম (টিবিএস)।
সোনালী ব্যাংক মিলিওনিয়ার স্কীম (এসবিএমএস)।
সোনালী কৃষক সঞ্চয় স্কীম (এসকেএসএস)।

০২. ঋণ ও অগ্রিম ঃ

ব্যবসা-বাণিজ্যে সহায়তা প্রদান, শিল্পায়ন, কৃষি উৎপাদন বৃদ্ধি ও আমদানী রপ্তানী বাণিজ্যে অর্থায়নের জন্য সোনালী ব্যাংক লিমিটেড-এ নিম্নবর্ণিত ঋণ সুবিধা চালু আছে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণ সুবিধা পেতে সোনালী ব্যাংক লিমিটেড-এর শাখায় যোগাযোগ করতে পারেন। ট্রেডিং লোন সুবিধা যে কোন শাখা থেকে ভোগ করা যায়। পল্লী এলাকায় শাখাসমূহ পল্লী/কৃষি ঋণ বিতরণ করে থাকে। শিল্প ঋণের জন্য শহরাঞ্চলের শাখা নির্দিষ্ট করা আছে। আমদানী-রপ্তানী বাণিজ্য অর্থায়নের জন্য অনুমোদিত নির্ধারিত শাখাসমূহে যোগাযোগ করতে হবে।

০৩. সাধারণ ঋণ ঃ

সাধারণ ঋণ বিভাগের আওতায় নিম্নোক্ত ঋণ কর্মসূচী চালু রয়েছে ঃ

বিভিন্ন খাতে সিসি (ট্রেডিং), ওভারড্রাফট, ইটের ভাটা, পারসোনাল ঋণ, ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র ব্যবসা ঋণ, বিশেষ ক্ষুদ্র ঋণ, ডিমান্ড লোন, নন-ব্যাংকিং ফিন্যান্সিয়াল প্রতিষ্ঠানের অনুকূলে মেয়াদী ঋণ, প্রবাসী কর্মসংস্থান ঋণ, শিক্ষা ঋণ, বৈদেশিক শিক্ষা ঋণ কর্মসূচী, মুক্তিযোদ্ধাদের জন্য মেয়াদী ঋণ, সাধারণ গৃহ নির্মাণ ঋণ (আবাসিক/বাণিজ্যিক), অভ্যন্তরীণ ব্যাংক গ্যারাণ্টি এবং ইনল্যান্ড লেটার অব ক্রেডিট ইত্যাদি।

০৪. এসএমই (ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ)ঃ

ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগকে উৎসাহিত করার জন্য উদ্যোক্তাদের নিম্নোক্ত খাতসমূহে এসএমই ঋণ প্রদান করা হয়।

১. অর্থনৈতিকভাবে অনুন্নত এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদানের নীতিমালা গ্রহণপূর্বক কর্মসংস্থানমুখী ও দারিদ্র বিমোচনে সহায়ক শিল্প, ব্যবসা ও সেবা খাতে প্রকল্প/মেয়াদী ঋণ প্রদানের জন্য এ পর্যন্ত ১৩০টি শাখা মনোনীত হয়েছে। এছাড়া শিল্প, ব্যবসা ও সেবা খাতে চলতি মূলধন ঋণ/ট্রেডিং ঋণ বাংলদেশের সকল শাখা থেকে প্রদান করা হয়।

২. গ্রীন ব্যাংকিং কর্মসূচীর আওতায় সৌর প্যানেল, বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্হাপন ইত্যাদি পরিবেশবান্ধব খাতে বর্ধিত বরাদ্দ রাখা হয়েছে এবং ঋণ প্রদান অব্যাহত রয়েছে।

৩. ক্লাস্টার অর্থায়নে প্রাথমিক পর্যায়ে সিলেট, মৌলভীবাজার, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবন ও খাগড়াছড়ি জেলায় মনিপুরী তাঁত ও হস্তশিল্প, আদিবাসী তাঁত ও হস্তশিল্প, বিনোদন পার্ক ও পর্যটন কটেজ এবং হোটেল/রেষ্টুরেন্ট ইত্যাদি খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির পরিকল্পনা নেয়া হয়েছে। ইতোমধ্যে মৌলভীবাজার জেলায় খাসিয়া ও ত্রিপুরা সম্প্রদায়ের মধ্যে পান, লেবু ও আনারস চাষের জন্য, মনিপুরীদেরকে তাঁতের জন্য এবং কক্সবাজারে রাখাইন সম্প্রদায়ের মধ্যে মৎস্য প্রক্রিয়াকরণ খাতে ঋণ বিতরণ করা হয়েছে।

৪. এসএমই নীতিমালায় জামানত ছাড়াই পুরুষ উদ্যোক্তাদেরকে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা এবং নারী উদ্যোক্তাদেরকে ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত প্রকল্প/মেয়াদী, চলতি মূলধন/ট্রেডিং ঋণ প্রদানের সুযোগ রয়েছে এবং নারী উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত কম সুদে ঋণ প্রদানের ব্যবস্থা রয়েছে।

৫. এসএমই ডিভিশনের সর্বোচ্চ ঋণ মঞ্জুরী সীমা ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) কোটি টাকা থেকে ৫.০০ (পাঁচ) কোটি টাকায় উন্নীত করা হয়েছে এবং ৫.০০ (পাঁচ) কোটি টাকার উর্ধ্ব অংকের এসএমই আওতাভূক্ত ঋণ অন্যান্য ঋণ মঞ্জুরীকারী ডিভিশন থেকে এসএমই ঋণ হিসাবে মঞ্জুরী প্রদানের নীতিমালা গ্রহণ করা হয়েছে।

৬. বিদ্যুতের ব্যবস্থা নেই এরূপ অনুন্নত অঞ্চলে এবং অদূর ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের সম্ভাবনা নেই এরূপ এলাকায় গ্রামে/বাজারে বিদ্যুৎ সংযোগের মাধ্যমে পশ্চাদপদ জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে "সোনালী আলো" ঋণ কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

৭. বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় পরিবেশ বান্ধব খাতে অপেক্ষাকৃত কম সুদে ঋণ প্রদানের ব্যবস্হা রয়েছে।

৮. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে মোট বাজেটের ৬% পরিবেশ বান্ধব খাতে, ৬% ক্লাস্টার খাতে, ১২% নারী উদ্যোক্তাদেরকে এবং প্রতিটি প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের আওতায় প্রতি মাসে ৫ জন নারী উদ্যোক্তাকে ঋণ প্রদানের জন্য মাঠ পর্যায়ে পরামর্শ দেয়া হয়েছে।

৯. নারী উদ্যোক্তাদের সহায়তা করার জন্য প্রধান কার্যালয়সহ প্রতিটি শাখায় Women Entrepreneurs Dedicated Desk স্হাপন করা হয়েছে।

১০. নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি এবং তাদেরকে সহায়তার লক্ষ্যে প্রধান কার্যালয়ে "নারী উদ্যোক্তা ইউনিট" গঠন করা হয়েছে এবং নিয়ন্ত্রনাধীন কার্যালয়ে "নারী উদ্যোক্তা ইউনিট" গঠনের নির্দেশনা দেয়া হয়েছে।

১১. নারী উদ্যোক্তাদের জন্য এসএমই ঋণের বৈশিষ্ট্য সম্বলিত ব্রুশিউর 'নিপুনা' মূদ্রন করে ব্যাপক প্রচারের লক্ষ্যে মাঠ পর্যায়ে বিতরণের ব্যবস্হা নেয়া হয়েছে।

১২. সোনালী ব্যাংক লিমিটেড এর বিদ্যমান এসএমই নীতিমালার আওতায় 'প্রতি মাসে প্রতি শাখায় একজন নতুন উদ্যোক্তা' প্রকল্প চালু করা হয়েছে।

০৫. পল্লী ঋণ ঃ

১। বিশেষ কৃষি ঋণ কর্মসূচী (এসএসিপি) ঃ সকল প্রকার শস্য ঋণ এবং ৪% রেয়াতি হার সুদে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষ।

২। পুকুরে মৎস্য চাষ ঋণ।

৩। বিশেষ বিনিয়োগ ঋণ কর্মসূচী ঃ
.০১। মৎস্য/চিংড়ী চাষ।
.০২। পোলট্রি।
.০৩। ডেইরী/পশু সম্পদ।
.০৪। জামদানী তাঁত।

৪। কৃষি ও অকৃষি ঋণ কর্মসূচী (Farming and off Farming)ঃ
.০১ ঃ পশু সম্পদ (গবাদী পশুপালন/হালের গরু/মহিষ ক্রয়/গরু মোট তাজাকরণ/ছাগলের খামার/দুগ্ধ খামার)।
.০২ ঃ পোলট্রি (হাঁস ও মুরগী খামার স্হাপন।
.০৩ ঃ মৎস্য উৎপাদন (মৎস্য হ্যাচারী ও চিংড়ী চাষসহ)।
.০৪ ঃ আম্রকুঞ্জ/উদ্যান উন্নয়ন/ভেষজ/ফলজ/বনজসহ উদ্যানের আওতাভূক্ত সকল খাতের নার্সারী ও বাগান/উদ্যান প্রতিষ্ঠা।
.০৫ ঃ ফুল চাষ।
.০৬ ঃ বায়োগগ্যাস/কেঁচো কম্পোষ্ট সার/পল্লী পরিবহন।

৫। কৃষি খামার ঋণ কর্মসূচী (বৃহৎ প্রকল্প আকারে) ঃ
.০১ ঃ পশু সম্পদ।
.০২ ঃ পোলট্রি।
.০৩ ঃ মৎস্য/চিংড়ী।

৬। সামাজিক বনায়ন ঋণ কর্মসূচী।

৭। মিল এলাকায় ইক্ষু চাষ ঋণ কর্মসূচী।

৮। বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% হার সুদে ঋণ প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন কর্মসূচী (Refinance Scheme)।
.০১ ঃ গাভী পালন।
.০২ ঃ কৃত্রিম প্রজনন।

তাছাড়া, পার্বত্য অঞ্চলে স্বল্প সুদে (৫% হারে) কৃষি ঋণ বিতরণ অব্যাহত রয়েছে।

০৬. কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন ঃ

১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলী, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প।
২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি) শাক-সবজী, ডাল প্রক্রিয়াকরণ।
৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস ইত্যাদি প্রস্তুতকরণ।
৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ।
৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ।
৬। স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য স্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প।
৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুধ পাস্তুরিতকরণ, গুড়ো দুধ, আইসক্রীম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি)।
৮। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস, পটেটো ফ্লেক্স, স্টারস প্রভৃতি) উৎপাদনকারী শিল্প।
৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প।
১০। ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন শিল্প।
১১। লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প।

১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ।
১৩। হারবাল ও ভেষজ কসমেটিক্স প্রস্তুতকারী শিল্প।
১৪। ইউনানী, আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প।
১৫। হাঁস, মুরগী ও গবাদিপশু ও মাছের জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প।
১৬। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ।
১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন-দড়ি, সুতা, চট, থলে, কার্পেট, পাটের সেন্ডেল ইত্যাদি)।
১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প।
১৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি।
২০। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ।
২১। সুগন্ধি চাল।
২২। চা প্রক্রিয়াকরণ শিল্প।
২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় নারিকেল হতে সংগৃহীত কোপরা ব্যবহার করা হয়)।
২৪। রাবার টেপ, লাক্ষ্যা প্রক্রিয়াজাতকরণ।
২৫। কোল্ড স্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সবজী প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ)।
২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুটির শিল্প ছাড়া)।
২৭। ফুল সংরক্ষণ ও রপ্তানীকারক প্রতিষ্ঠান।
২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান।
২৯। জৈব সার, মিশ্র সার, গুটি, ইউরিয়া ইত্যাদি তৈরী।
৩০। বায়োপেস্টিসাইড, নীম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি তৈরী।
৩১। মৌমাছির চাষ/মধু তৈরীর প্রকল্প।
৩২। রাবারজাত দ্রব্যাদি তৈরীর প্রকল্প।
৩৩। পার্টিকেল বোর্ড।
৩৪। সরিষার তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় সরিষা ব্যবহার করা হয়)।
৩৫। ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প।
৩৬। চালের কুড়া থেকে ভোজ্য তেল উৎপাদন শিল্প।
৩৭। পোল্ট্রি ও ডেইরী শিল্প।

০৭. মাইক্রো ক্রেডিট ঃ

১। নিজস্ব ঋণ কর্মসূচী ঃ

ক) চালু ঋণ কর্মসূচীসমূহ ঃ

স্বনির্ভর ঋণ, শস্য গুদাম ঋণ প্রকল্প, বার্ড-সোনালী ব্যাংক লিমিটেড প্রায়োগিক গবেষণা প্রকল্প ঋণ, আর ডিএ-বগুড়া সোনালী ব্যাংক লিমিটেড প্রায়োগিক গবেষণা প্রকল্প ঋণ, প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতির মাধ্যমে শস্য নিবিড়করণ ঋণ প্রকল্প (Marginal and Small Farms Systems Crop Intensification Project (MSFSCIP), লবণ উৎপাদন ঋণ, ফলজ-বনজ-ভেষজ-নার্সারী ও উদ্যান উন্নয়ন ঋণ, ছাগল পালন ঋণ, ক্ষুদ্র খামার ঋণ, গ্রামীণ ক্ষুদ্র ব্যবসা ঋণ, দারিদ্র বিমোচনে সহায়তা ঋণ, ব্যাংক-এনজিও লিংকেজ হোলসেল ঋণ, Credit for Urban Women Enterprise Development-CUMED (শহুরে মহিলা ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ), উন্মেষ ঋণ, প্রতিবন্ধী ঋণ, ব্যক্তি পর্যায়ে সেচ যন্ত্র ঋণ/কৃষি যন্ত্রপাতি, সিডর উপদ্রুত এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য বিশেষ ঋণ কর্মসূচী, জাগো নারী গ্রামীণ ঋণ, ১০ টাকার হিসাবধারী কৃষক,ক্ষুদ্র ব্যবসায়ী এবং ভূমিহীনদের পুনঃঅর্থায়ন ঋণ কর্মসূচী, স্কুলগামী ছাত্র/ছাত্রীদের জন্য বাইসাইকেল ঋণ কর্মসূচী (Bicycle Loan Scheme For School Going Students) ইত্যাদি।

খ) বিআরডিবিভূক্ত সমবায়ীদের ঋণ ঃ

শস্য ঋণ, চিংড়ি চাষ ঋণ, মহিলা উন্নয়ন ঋণ, পল্লী জীবিকায়ন প্রকল্প (RLP) ঋণ।

০৮. শিল্প প্রকল্প অর্থায়ন ঃ

ক) নিম্নবর্ণিত শিল্প স্থাপনের জন্য প্রকল্প ও চলতি মূলধন ঋণ দেয়া হয় :
কনসোর্টিয়াম/সিন্ডিকেট এর আওতায় বিভিন্ন ধরণের প্রকল্পে অর্থায়ন, ব্রিজ ফাইন্যান্সিং, বৃহদাংক ঋণ পুনর্গঠন, রি রোলিং মিলস/ষ্টীল সেক্টর, প্রকৌশল শিল্প(হেভী এবং লাইট), অটোমোবাইলস বডি বিল্ডিং ইন্ডাষ্ট্রিজ, জাহাজ নির্মাণ শিল্প, অবকাঠামোগত প্রকল্প, তৈল শোধনাগার ও নারিকেল তৈল শিল্প, কাগজ ও বোর্ড মিলস, স্পিনিং মিলস, এ্যাক্রোলিক স্পিনিং ও ডাইং শিল্প, আইটি প্রজেক্ট, ট্যানারী/রাবার/ফুটওয়্যার ইন্ডাষ্ট্রিজ, প্লাষ্টিক প্রডাক্টস ইন্ডষ্ট্রিজ, টয়েজ এন্ড ষ্টাফড টয়েজ, বিদ্যুৎ ও বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদন, ইইএফ এবং অন্যান্য এজেন্সী হতে প্রাপ্ত ফান্ড অর্থায়ন সংক্রান্ত কার্যাদি, বিভিন্ন কমিটি কর্তৃক চিহ্নিত ও শ্রেণীবিন্যাসিত রুগ্নশিল্প সংক্রান্ত কাজসমূহ।
উপরোক্ত সেক্টরসমূহের ঋণ সংশ্লিষ্ট সুদ মওকুফ, পুনঃতফসিলিকরণ ও অবলোপন সংক্রান্ত কাজ সম্পাদন। বিভাগীয় পলিসি ও গাইড লাইন সংক্রান্ত কাজ, বিভাগীয় এমআইএস সংক্রান্ত কাজসমূহ।
এছাড়াও বিভাগীয় কারিগরি ইউনিট সংশ্লিষ্ট প্রকৌশলীদের মাধ্যমে চলমান/বাস্তবায়নাধীন/প্রস্তাবিত প্রকল্পসমূহের কারিগরি প্রতিবেদন/মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত/প্রণয়ন করা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন ঋণ বিভাগ কিংবা জিএম অফিসের চাহিদা অনুযায়ী সরবরাহ করা।
এছাড়া জাতীয় শিল্পনীতি-২০১০ এ বর্ণিত অগ্রাধিকার প্রাপ্ত খাত (Thurst Sector) এর অধীনে বিভিন্ন উপখাতসমূহে প্রকল্প ঋণ প্রদান করা হয়ে থাকে।

খ) রপ্তানীমুখী নীট ও ওভেন গার্মেন্টস এবং টেক্সটাইলস শিল্প, বিদ্যুৎ ও বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদন শিল্প, সুয়েটার শিল্প, টাওয়েল শিল্প, পার্ক/বিনোদন/পর্যটন/হোটেল শিল্প, রেস্টুরেন্ট/ক্লিনিক/হাসপাতাল নির্মাণ, অটোমেটিক ইট ও টাইলস তৈরী শিল্প, গ্লাস ও সিরামিকস শিল্প, সিমেন্ট শিল্প, কসমেটিক্স এন্ড টয়লেট্রিজ শিল্প, উইভিং/সাইজিং/ডাইং/প্রিন্টিংএন্ড কম্পোজিট মিলস, প্রিন্টিং এন্ড প্যাকেজিং শিল্প, ঔষধ শিল্প, গার্মেন্টস এক্সেসরিজ শিল্প, সিএনজি/এলপিজি/পেট্রোল/ডিজেল ফিলিং স্টেশন স্হাপন, কেমিক্যাল শিল্প, ডিস্টিলারী শিল্প ইত্যাদি শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে মেয়াদী প্রকল্প ও চলতি মূলধন ঋণ সুবিধাদি মঞ্জুরী প্রদান করা হয় এবং শিল্প উপখাত ভেদে অগ্রাধিকার দিয়ে বিশেষ করে রপ্তানীমুখী ও আমদানী সাশ্রয়ী শিল্প প্রকল্পের অনুকূলে ঋণ মঞ্জুরী প্রদান অব্যাহত রয়েছে।

০৯. আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন ঃ

(১) আমদানী বাণিজ্য ঋণ ঃ

লেটার অব ক্রেডিট (LC) ইস্যু, পেমেন্ট এগেনেস্ট ডকুমেন্ট(PAD), লোন এগেনেস্ট ইমপোর্টেড মার্চেন্ডাইজ (LIM), লোন এগেনেস্ট ট্রাস্ট রিসিপ্ট (LTR), ইস্যুয়েন্স অব ব্যাংক গ্যারান্টি/ বিডবন্ড গ্যারান্টি/পার্সোনাল গ্যারান্টি/ স্ট্যান্ড বাই লেটার অব ক্রেডিট এ্যাট দ্যা রিকোয়েষ্ট অব কাষ্টমার (আউটওয়ার্ড)/ইস্যুয়েন্স অব ব্যাংক গ্যারান্টি/বিড বন্ড গ্যারান্টি/পার্সোনাল গ্যারান্টি/স্ট্যান্ড বাই লেটার অব ক্রেডিট এগেনেষ্ট কাউন্টার গ্যারান্টি অব ফরেন করেসপনডেন্স (ইনওয়ার্ড), ইররিভোকেবল রিইমবার্সমেন্ট আন্ডারটেকিং (IRU)/লেটার অব ক্রেডিট এ্যাড কনফার্মেশন(এ্যাট দি রিকোয়েষ্ট অব লোকাল ব্যাংক ফর দেয়ার লেটার অব ক্রেডিট)।

(২) রফতানী বাণিজ্য :

ব্যাক-টু-ব্যাক লেটার অব ক্রেডিট (BTB) ডিমান্ড লোন এগেনেস্ট ব্যাক-টু-ব্যাক লেটার অব ক্রেডিট (Forced Loan), প্রিশিপমেন্ট ক্রেডিট (PSC)-প্যাকিং ক্রেডিট (PC)/প্যাকিং ক্যাশ ক্রেডিট (PCC), রফতানীকারকদের ক্যাশ ইনসেনটিভ/সাবসিডি/এসিস্ট্যান্স প্রদান, বৈদেশিক বিল ক্রয় (FBPN), স্থানীয় বিলের বিপরীতে ঋণ (LIB), সাময়িক ওভারড্রাফট (TOD).

ঋণ গ্রহণের পদ্ধতি

ঋণের জন্য শাখা প্রধানের কাছে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর/ব্যবসা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ব্যবসার আর্থিক অবস্থা ইত্যাদি উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে ঋণের পরিমাণ, ঋণ গ্রহণের উদ্দেশ্য, ঋণের বিপরীতে কি ধরণের জামানত দিতে ইচ্ছুক, ঋণ পরিশোধ পদ্ধতি ইত্যাদি উল্লেখ করতে হয়। শিল্প ঋণ ও এসএমই ঋণের জন্য আলাদা ফরম রয়েছে যা শাখা হতে সংগ্রহ করতে হবে।

ক্যাশ ক্রেডিট ঋণের প্রাথমিক জামানত হিসেবে পণ্য সামগ্রী ব্যাংকের নিকট হাইপোথিকেশন অথবা প্লেজ রাখা হয়। সহায়ক জামানত হিসেবে স্থাবর সম্পত্তি ব্যাংকের নিকট রেজিষ্টার্ড মর্টগেজ রাখা হয়। ব্যাংকে রক্ষিত স্থায়ী আমানত অথবা বিভিন্ন সঞ্চয় স্কীমের স্থিতির বিপরীতে লিয়েন করে ওডি সুবিধা ভোগ করা যায়। স্থায়ী আমানত রশিদ ব্যাংকে প্লেজ রাখতে হয়। প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রকল্পের যন্ত্রপাতি ব্যাংকের নিকট হাইপোথিকেশন করা হয় এবং প্রকল্পের ভূমি, দালানকোঠা ব্যাংকের অনুকূলে মর্টগেজ রাখা হয়।

১০. ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট ঃ

ফরেন ইনওয়ার্ড রেমিট্যান্স :

- সোনালী ব্যাংকের উদ্ভাবিত নিজস্ব online software RMS+ এর মাধ্যমে ১১৯৩টি শাখায় (আরো শাখা দ্রুত সম্প্রসারিত হবে) প্রবাসীদের প্রেরিত রেমিটেন্সের টাকা প্রাপকের হিসাবে তাৎক্ষনিকভাবে জমা করা হয়।
- শাখায় হিসাব না থাকা সত্ত্বেও spot cash/cash over the counter পদ্ধতিতে নগদ প্রদান এবং SMS Alert system এর সুবিধা প্রদান করা হচ্ছে।

ফরেন আউটওয়ার্ড রেমিট্যান্স :

ফরেন এক্সচেঞ্জ রেগুলেশনস এ্যাক্ট–১৯৪৭ এর আওতায় অনুমোদিত উদ্দেশ্য যেমন, বিদেশ ভ্রমণ, অধ্যয়ন, চিকিৎসা ইত্যাদি বিবিধ কাজে অর্থ প্রেরণ করা যায়।

১১. পেমেন্ট অর্ডার ইস্যু :

ব্যাংকের সকল শাখা হতে পেমেন্ট অর্ডার ইস্যু করা হয়।

১২. সরকারী লেনদেন :

বাংলাদেশ ব্যাংকের সঙ্গে সম্পাদিত এজেন্সী চুক্তির আওতায় নির্ধারিত শাখাসমূহে সরকারের বিভিন্ন হিসাব খাতে ট্রেজারী চালানের মাধ্যমে অর্থ জমা গ্রহণ করা হয়। এছাড়াও নির্ধারিত শাখাসমূহে সরকারী চেক ও বিলের অর্থ পরিশোধ করা হয়। ব্যাংকের ৮টি সাবচেস্ট, ৫৮টি চেস্ট, ৪১৬টি নন-চেস্ট ট্রেজারী ও ১১৪টি শুধুমাত্র আদান গ্রহণকারী শাখা (বিভিন্ন বড় বড় শহরে) মিলিয়ে মোট ৫৯৬টি শাখার মাধ্যমে সরকারী লেনদেন (আদান-প্রদান) পরিচালনা করা হয়।

গভর্ণমেন্ট একাউন্টস এন্ড সার্ভিসেস ঃ

সরকারের বিভিন্ন সহায়তা বিষয়ক কার্যক্রম এবং সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় বর্তমানে নিম্নোক্ত বিভিন্ন খাতে সেবা প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে ঃ

(০১)	পিডিবি, পল্লী বিদ্যুৎ, ডিসিডিসি ও ডেসকোর বিদ্যুৎ বিল গ্রহণ।
(০২)	তিতাস গ্যাস কোম্পানীর বিল গ্রহণ।
(০৩)	ওয়াসার পানির বিল গ্রহণ
(০৪)	বিটিসিএল-এর টেলিফোন, ইন্টানেট ও ডিমান্ড নোটের বিলের অর্থ গ্রহণ।
(০৫)	পানি উন্নয়ন বোর্ডের কর্মচারীদের পেনশন প্রদান।
(০৬)	বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতা প্রদান।
(০৭)	বয়স্ক ভাতা প্রদান।
(০৮)	বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের ভাতা প্রদান।
(০৯)	মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান।
(১০)	এসিড দগ্ধ মহিলাদের পুনর্বাসন ভাতা প্রদান।
(১১)	দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান।
(১২)	প্রতিবন্ধী ভাতা।
(১৩)	প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি প্রদান।
(১৪)	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ভাতাভোগীদের মধ্যে (ডিডিপি) কল্যাণ ভাতা বিতরণ।
(১৫)	ভূমি উন্নয়ন কর সংগ্রহ।
(১৬)	আবগারী শুল্ক সংগ্রহ।
(১৭)	মূল্য সংযোজন কর (ভ্যাট) আদায়/পরিশোধ সংক্রান্ত।
(১৮)	উৎসে কর্তিত কর সংগ্রহ।
(১৯)	ভ্রমণ কর।
(২০)	হজ্জের টাকা গ্রহণ।
(২১)	যাকাত ফান্ডের অর্থ গ্রহণ।
(২২)	সিটি কর্পোরেশনের ট্যাক্স গ্রহণ।
(২৩)	জাতীয় রাজস্ব বোর্ডের চাহিদা মাফিক আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১১৩ (এফ) অনুযায়ী বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্ট এর তথ্য প্রদান।
(২৪)	লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট।
(২৫)	সরকারী বেসরকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান।
(২৬)	সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান।
(২৭)	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান।
(২৮)	বাংলাদেশ ব্যাংকের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান।
(২৯)	বাংলাদেশ শিল্পকলা একাডেমী-এর কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান।
(৩০)	শিক্ষা উপবৃত্তি।
(৩১)	প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ROSC (বিশ্ব ব্যাংকের প্রকল্প) আওতাভুক্ত স্কুল সমূহের শিক্ষার্থীদের ভাতা/ অনুদান প্রদান।
(৩২)	পাসপোর্ট ও ভিসা ফি সংগ্রহ ও সরকারী কোষাগারে জমাদান।
(৩৩)	পাবলিক সার্ভিস কমিশন পরীক্ষার আবেদনপত্র বিক্রয়।
(৩৪)	জুডিসিয়াল সার্ভিস কমিশন পরীক্ষার আবেদনপত্র বিক্রয়।
(৩৫)	সঞ্চয়পত্র বিক্রয়/ভাঙ্গানো।
(৩৬)	ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট ইস্যু।
(৩৭)	প্রাইজ বন্ড ক্রয় ও ভাঙ্গানো।
(৩৮)	অভ্যন্তরীণ খাদ্য শষ্য সংগ্রহের ঋণ কার্যক্রম।
(৩৯)	লটারী টিকেট বিক্রয়।
(৪০)	সরকারী লেনদেন কার্যক্রম।

১৩. ইনফরমেশন টেকনোলজি ঃ

১) শাখা কম্পিউটারায়ন ঃ

- ব্যাংকের সর্বমোট ১২০৮টি (দেশের বাহিরের ০২টি শাখাসহ) শাখার মধ্যে দেশের অভ্যন্তরে সোনালী ব্যাংক লিমিটেড এর ১২০২টি এবং দেশের বাহিরে ২টি শাখার ব্যাংকিং কার্যক্রম Live Operation-এ আছে।
- ডাটা এন্ট্রি প্যারালাল চলছে-০৩টি শাখা।
- বিদ্যুৎ সরবরাহ না থাকার কারণে কম্পিউটারাইজেশনের উদ্যোগ নিতে বাকী আছে ০১টি শাখা। উক্ত শাখাসমূহে সোলার সিস্টেম স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

২) Core Banking System(CBS) : ঢাকা এবং বিভাগীয় ও জেলা শহরে অবস্থিত গুরুত্বপূর্ণ ৭০৬ টি শাখার ব্যংকিং কার্যক্রম Intellect CBS সফ্টওয়্যার দ্বারা পরিচালিত হচ্ছে। এ বছরের মধ্যে তা সম্পন্ন করার লক্ষ্যমাত্রা রয়েছে।

৩) **Sonali Banking Solution (SBS)** : আইটি ডিভিশন কর্তৃক ডেভেলপকৃত ব্যাংকিং এপ্লিকেশন সফটওয়্যার Sonali Banking Solution (SBS)-এর মাধ্যমে ১৬১টি শাখার ব্যাংকিং কার্যক্রম লাইভ অপারেশনে চলছে।

৪) **Remittance Management System (RMS+):** সোনালী ব্যাংক লিমিটেড-এর ১২০৬টি শাখায় নিজস্ব সফটওয়্যার Remittance Management System (RMS+)এর মাধ্যমে Foreign Remittance এর কার্যক্রম সম্পন্ন হচ্ছে এবং ১২০০টি শাখায় RMS+ এর মাধ্যমে ইনল্যান্ড/লোকাল রেমিটেন্স এর আদান-প্রদান চলছে। অধিকন্তু, কাউন্টার হতে ফরেন রেমিট্যান্স এর অর্থ সংগ্রহ করার জন্য ক্যাশ ওভার কাউন্টার এবং স্পট ক্যাশ নামে ০২(দুই)টি নতুন প্রডাক্ট ব্যাংক বহির্ভূত গ্রাহকদের নিকট জনপ্রিয়তা অর্জন করেছে। এ সকল কার্যক্রম তাৎক্ষণিকভাবে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সমন্বিত হচ্ছে।

৫) **NBR Sonali Bank-e Payment Portal** : গ্রাহকরা এই পোর্টালের মাধ্যমে ট্যাক্স, ভ্যাট, কাস্টম ডিউটি অন-লাইনে পরিশোধ করতে পারছে। বিভিন্ন ব্যাংকে এই পোর্টালের সাথে সংযুক্তকরণের লক্ষ্যে কার্যক্রম চলছে। Standard Chartered Bank ও Citi Bank N.A এর সাথে ব্যাংক একাউন্টের মাধ্যমে তহবিল স্থানান্তরের চুক্তি সম্পাদিত হয়েছে। ১৫-০২-২০১৫ তারিখ থেকে ePay Bank Counter পদ্ধতিতে এই পোর্টালে তৈরীকৃত চালানের প্রিন্ট কপি ব্যাংক কাউন্টারে জমা করা হয়।

৬) **On-Line Govt. Transaction** : সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের পক্ষে সরকারী লেনদেন কার্যক্রম সম্পন্ন করে থাকে। ব্যাংকের নিজস্ব প্রোগ্রামার কর্তৃক সরকারী লেনদেনের (GTS) জন্য একটি নতুন ওয়েব বেইজড সফটওয়্যার তৈরী করা হয়েছে যা কম্পট্রোলার জেনারেল অব একাউন্টস (CGA) এর অনুমোদন নিয়ে ব্যাংকের সরকারী লেনদেনভুক্ত সকল শাখায় (৫৯৬টি শাখা) প্রবর্তন করা হয়েছে।

৭) **On-line any Branch Banking (On-lineABB)** : বর্তমানে ১১৯৯টি শাখায় On-line ABB চালু করা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল শাখায় On-line ABB চালু করা হবে। এই সফটওয়্যারের মাধ্যমে সঞ্চয়ী হিসাব, চলতি হিসাব, স্বল্প মেয়াদী হিসাবে টাকা জমা ও উত্তোলন এবং ডিপোজিট স্কীম ও লোন হিসাবে টাকা জমা নেয়া হয়। On-line ABB এর লেনদেন Monitoring করার জন্য Monitoring Tool নামে একটি সফ্টওয়্যার তৈরী করা হয়েছে। ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন Monitoring Tool দ্বারা লেনদেন Monitoring করবে। তাছাড়া CBS সফ্টওয়্যার দ্বারা পরিচালিত শাখা এবং অন্য সফ্টওয়্যারের দ্বারা পরিচালিত শাখার মধ্যে On-Line Any Branch Banking (On-Line ABB) Transaction চালু করা হয়েছে, সেই সাথে ATM Interface চালু হয়েছে।

৮) **SMS Banking :** বর্তমানে ২৮৮টি শাখায় SMS Banking এর সুবিধা চালু আছে। রেজিষ্টার্ড গ্রাহকরা তাদের পরিচালিত হিসাবের লেনদেন, স্থিতি SMS এর মাধ্যমে অবহিত হয়ে থাকেন।

৯) **Foreign Exchange Software :** ব্যাংকের ট্রেড ফাইন্যান্স ব্যবসা অটোমেশনের লক্ষ্যে নিজস্ব প্রোগ্রামার দ্বারা FEXSOFT (Foreign Exchange Software) প্রণয়ন করা হয়েছে। উক্ত সফটওয়্যার দ্বারা বর্তমানে স্হানীয় কার্যালয়সহ মোট ১৭টি শাখায় আমদানী কার্যক্রম লাইভ চলছে এবং ০৬টি শাখায় সরবরাহকৃত হার্ডওয়্যারে সফটওয়্যার ইনস্টল করা হয়েছে।

১০) **Mobile Financial Services (Mobile Banking) :** Profit Sharing এর ভিত্তিতে ব্যাংকে Mobile Banking চালুর নিমিত্তে Specification নির্ধারণ, Technical ও Tender Evaluation কমিটি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। শীঘ্রই ব্যাংকে Mobile Banking চালু করা হবে।

১১) **Clearing House Automation :** ২০১০ সাল হতে ব্যাংকে BACH এর কার্যক্রম প্রবর্তন করা হয়েছে। বর্তমানে ঢাকা শহরের ১০৫টি শাখাসহ বিভিন্ন অঞ্চলের ৩৩৪টি শাখাকে BACH এর কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এ কার্যক্রম নিরাপদে এবং সুচারুভাবে চলছে। সোনালী ব্যাংকের সকল শাখায় Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN) এর কার্যক্রম ফলপ্রসুভাবে বাস্তবায়িত হয়েছে। ব্যাংকের আন্তঃশাখা ক্লিয়ারিং কার্যক্রম অটোমেশনের লক্ষ্যে এই ডিভিশন কর্তৃক প্রণয়নকৃত Sonali Bank Clearing System (SBCS) সফটওয়্যারের দ্বারা ঢাকা শহরস্হ ১০৪টি শাখার অটোমেশন কার্যক্রম ০৯ জানুয়ারী, ২০১৪ তারিখ হতে লাইভ অপারেশনে চলছে।

১২) **সরকারী চেস্টের উত্তোলন ও জমা ঃ** জেলা পর্যায়ে ৫৮টি চেস্ট শাখায় সরকারী চেস্টের উত্তোলন ও জমার রিপোর্টিং কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন হচ্ছে।

১৩) **সঞ্চয়পত্র সফটওয়্যার ঃ** ৩৩টি শাখায় সঞ্চয়পত্র সফ্টওয়্যারের লাইভ অপারেশন চলছে। ৩টি শাখায় আংশিক কার্যক্রম চলছে এবং ৪টি শাখায় লাইভ অপারেশন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

১৪) **Pension Paying Software (Army, Civil, Bank) :** ৪৪৫টি শাখায় এই সফটওয়্যারের মাধ্যমে সামরিক, বেসামরিক পেনশন হোল্ডারদের ও অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান করা হয়। ভবিষ্যতে এই কার্যক্রম অন্যান্য সকল শাখায় চালুর প্রক্রিয়া বাস্তবায়নাধীন আছে।

১৫) **Sonali Sheba :** সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব ডেভেলপকৃত ওয়েবভিত্তিক সফটওয়্যার হল Sonali Sheba । ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, আইবিএ, বাংলাদেশ মেরিন একাডেমী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, রাজশাহী, যশোর, সিলেট ও মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং বার কাউন্সিল এর বিভিন্ন প্রকার ফি Sonali Sheba'র মাধ্যমে সংগ্রহ করা হয়। কুমিল্লা শিক্ষা বোর্ডকে Sonali Sheba'র আওতায় আনার কাজ চলছে।

১৬) **Close Circuit Television System (CCTV) :** ঢাকা শহরের সকল শাখা, সকল জেলা শাখা, কর্পোরেট শাখাসহ মোট ৩৩২টি শাখায় CCTV স্হাপন করা হয়েছে। তাছাড়া ৫৬টি ATM বুথে CCTV সিস্টেম স্থাপন করা হয়েছে। আরো ৩৩টি ATM বুথে এক বছরের ভিডিও ফুটেজ সংরক্ষনের সুবিধা সম্বলিত CCTV সিস্টেম স্থাপন এর জন্য গৃহীত টেন্ডার মূল্যায়ন পূর্বক নির্বাচিত ভেন্ডর প্রতিষ্ঠানকে Notification of Award প্রদান করা হয়েছে । ৪টি দরপত্র আহবানের মাধ্যমে আরো ১৫২টি শাখায় CCTV সিস্টেম স্থাপন করার প্রক্রিয়া শুরু হয়েছে এবং বাকী শাখাগুলোকেও অতি শীঘ্রই CCTV সিস্টেম এর আওতায় আনার জন্য দরপত্র আহবানের ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে ।

১৭) **Website** : সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব ওয়েবসাইট রয়েছে যার ঠিকানা www.sonalibank.com. bd । আইটি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ব্যাংকের ওয়েবসাইট ০১ জানুয়ারী, ২০১২ হতে নতুন আঙ্গিকে চালু করা হয়েছে। এছাড়া ওয়েবসাইটে নিয়মিত তথ্য আপডেট করা হয়।

১৮) **Trouble shooting** : আইটি বিভাগের ট্রাবলসুটিং টীম ওয়ারেন্টির আওতাবহির্ভূত সকল হার্ডওয়্যার মেরামত করে থাকে। তাৎক্ষনিকভাবে সমস্যা নিরসনকল্পে ট্রাবলসুটিং টীম সার্বক্ষনিক উক্ত কাজে নিয়োজিত আছে।

১৯) **Help Desk :** আইটি বিভাগে একটি হেলপ্ ডেস্ক চালু রয়েছে এবং এই হেলপ ডেস্ক কর্মদিবসে সকাল ৮.০০ ঘটিকা থেকে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে।

২০) **নিজস্ব সফটওয়্যার ঃ** এই বিভাগের প্রোগ্রামারগণ কর্তৃক ডেভেলপকৃত ৩৬টি সফটওয়্যার বিভিন্ন শাখা/কার্যালয়ে চলছে।

১৫. এটিএম কার্যক্রম (সেবা) ঃ

১. সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব ৯২টি এটিএম ও সোনালী বিপিও-কো ব্র্যান্ডেডভুক্ত ৪টি এটিএম আছে যার মাধ্যমে সোনালী ব্যাংকের গ্রাহক এবং অন্য ব্যাংকের গ্রাহকগণ টাকা উত্তোলনের সুবিধা ভোগ করছে।

২. ভিসা ডেবিট কার্ড (শুধুমাত্র দেশে ব্যবহারের জন্য) ঃ

- জানুয়ারী ৩০, ২০১৫ থেকে ভিসা ডেবিট কার্ড প্রচলন করা হয়েছে। প্রাথমিক অবস্হায় স্হানীয় কার্যালয় এর উপর কার্ড ইস্যু করা হয়, বর্তমানে সিবিএসভূক্ত সকল শাখায় ভিসা ডেবিট কার্ড ইস্যু করা হচ্ছে।
- ভিসা ডেবিট কার্ড দ্বারা সকল এটিএম থেকে টাকা তোলা সম্ভব। ইতিপূর্বে যেসকল ব্যাংকের এটিএম থেকে (যেমন-ঢাকা ব্যাংক, প্রাইম ব্যাংক, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, কমার্শিয়াল ব্যাংক অব শিলং) টাকা উত্তোলন সম্ভব ছিল না সেসব ব্যাংকের এটিএম থেকেও টাকা তোলা সম্ভব হচ্ছে।
- ভিসা ডেবিট কার্ড দ্বারা যেকোন Merchant POS থেকে কেনাকাটা করা সম্ভব হচ্ছে।

ভিসা ক্রেডিট কার্ড (ডুয়েল কারেন্সী) ঃ

- ইতোপূর্বে চালুকৃত ব্যাংকের প্রোপ্রাইটরী ক্রেডিট কার্ডের পরিবর্তে জুলাই, ২০১৫ থেকে দুই ধরণের ভিসা ক্রেডিট কার্ড (Visa Credit Silver এবং Visa Credit Gold) চালু করা হয়েছে।
- ভিসা ক্রেডিট কার্ডে বৈদেশিক মুদ্রাও লোড করার সুবিধা রয়েছে। ক্রেডিট সিলভার ও ক্রেডিট গোল্ড কার্ড দ্বারা ATM থেকে টাকা উত্তোলন এবং বিভিন্ন Merchant POS থেকে কেনাকাটা করা যাচ্ছে।

ভিসা প্রি-পেইড কার্ড (ডুয়েল কারেন্সী) ঃ

- ইতোপূর্বে চালুকৃত ব্যাংকের প্রোপ্রাইটরী প্রি-পেইড কার্ডের পরিবর্তে ভিসা প্রি-পেইড কার্ড চালু করা প্রক্রিয়াধীন রয়েছে।
- এ কার্ডেও দুই ধরণের মুদ্রা (টাকা ও মার্কিন ডলার) লোড করার সুবিধা রয়েছে।

৩. গ্রাহকদের এটিএম বুথে নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের জন্য কেন্দ্রীয়ভাবে কার্ড ডিভিশনের মাধ্যমে মনিটরিং এবং ট্রাবল স্যুটিং করা হয়ে থাকে।

সোনালী ব্যাংক লিমিটেড এর এটিএম বুথে ভিন্ন ব্যাংকের গ্রাহকের জন্য প্রযোজ্য ফি ঃ

সোনালী ব্যাংক লিমিটেড এর এটিএম হতে অন্য ব্যাংকের কার্ডধারীগণ অর্থ উত্তোলন, স্থিতি অনুসন্ধান এবং ক্ষুদে বিবরণী সংগ্রহ করলে সে ক্ষেত্রে নিম্নোক্ত হারে চার্জ আরোপিত হবে :

কার্ড ইস্যুকী ব্যাংক	অর্থ উত্তোলন (প্রতি লেনদেন)	স্থিতি অনুসন্ধান/ক্ষুদে বিবরণী
National Payment Switch Bangladesh (NPSB) ভূক্ত ব্যাংক	১৫.০০ টাকা	৫.০০ টাকা

ক্রেডিট কার্ড এর সুদ ঃ

লেনদেনের ধরণ	সুদ বিহীন সময়	সুদের হার
টাকা উত্তোলন	০ দিন	বাৎসরিক ১৮.০০% (Daily Product, Monthly Basis)
POS Purchase	স্টেটমেন্ট তৈরীর তারিখ হতে ৫০ দিন।	বাৎসরিক ১৮.০০% (Daily Product, Monthly Basis)

১৬. নো ফ্রিল হিসাব : বাংলাদেশ ব্যাংকের নির্দেশনায় এই ব্যাংকে সমাজের সুবিধা বঞ্চিত এবং আর্থিক সেবার বহির্ভূত (Financial Excluded) জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসার উদ্দেশ্যে চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় ন্যূনতম টাকা জমাকরণের মাধ্যমে কৃষক, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি দরিদ্র উপকারভোগী, অতি দরিদ্র মহিলা উপকারভোগী, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতায় সুবিধাভোগী, ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক, স্কুলের শিক্ষার্থী, কর্মজীবী পথ শিশু-কিশোর, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাষ্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, আইলা দুর্গত ব্যক্তি, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের ন্যূনতম জমা গ্রহণের মাধ্যমে (১০/৫০/১০০ টাকা) ব্যাংক হিসাব খোলা হয়। এ সকল হিসাবে ন্যূনতম স্থিতি/ব্যালেন্স রাখার কোন বাধ্যবাধকতা নেই এবং কোন প্রকার চার্জ আরোপ করা হয় না। আর্থিক অন্তর্ভুক্তি এবং আর্থিক শিক্ষা কার্যক্রম নিবিড়ভাবে পরিচালনার জন্য এই ব্যাংকের প্রধান কার্যালয়ে আর্থিক অন্তর্ভুক্তি এবং আর্থিক শিক্ষা নামে একটি সেল গঠন করা হয়েছে।

আর্থিক অন্তর্ভূক্তি কার্যক্রমের আওতায় ৩০-০৮-২০১৬ তারিখ পর্যন্ত খোলা হিসাবের সংখ্যা নিম্নরূপ ঃ

(ক) কৃষক হিসাব	ঃ	১৪,৪৭, ১৫৫টি।
(খ) মুক্তিযোদ্ধা হিসাব	ঃ	**১,৯৪, ০০৬ টি।**
(গ) স্কুল ব্যাংকিং হিসাব	ঃ	**৪২, ৯১৮ টি।**
(ঘ) সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী হিসাব	ঃ	**১৯, ৩৩, ২২৪ টি।**
(ঙ) "অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান" কর্মসূচীর সুবিধাভোগী হিসাব	ঃ	**৫, ১৬, ২১৮ টি**
(চ) তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক হিসাব	ঃ	**৫৬৩ টি।**

ব্যাংক সুদের হার

আমানত/ঋণ ও অগ্রিমের প্রকৃতি	সুদের হার
১.০০ ঃ সঞ্চয়ী আমানত	৪.০০%
২.০০ ঃ স্পেশাল নোটিশ ডিপোজিট ক) ২৫ কোটি টাকার কম খ) ২৫ কোটি টাকা হতে ১০০ কোটি গ) ১০০ কোটি টাকার উর্ধ্বে	 ৪.০০% ৪.০০% ৪.০০%
৩.০০ ঃ স্থায়ী আমানত ক) ৩ মাস এবং তদুর্ধ্ব কিন্তু ৬ মাসের কম খ) ৬ মাস এবং তদুর্ধ্ব কিন্তু ১ বছরের কম গ) ১ বছর এবং তদুর্ধ্ব কিন্তু সর্ব্বোচ্চ ৩ বছর	 ৫.০০% ৫.২৫% ৫.৫০%

বিভিন্ন প্রকার সঞ্চয়ী স্কীম বিষয়ক তথ্যাবলী

ক্রঃ নং	স্কীমের নাম	মেয়াদ	সুদের হার	আনুষাঙ্গিক সুবিধাদি
১।	সোনালী সঞ্চয় স্কীম (SDS)	৫ বছর	৭.০০%	যথাসময়ে কিস্তি জমা সাপেক্ষে বোনাস প্রদেয়
২।	শিক্ষা সঞ্চয় স্কীম (EDS)	১০ বছর	৭.০০%	যথাসময়ে কিস্তি জমা সাপেক্ষে বোনাস প্রদেয়)
৩।	চিকিৎসা সঞ্চয় স্কীম (MDS)	১০ বছর	৭.০০%	যথাসময়ে কিস্তি জমা সাপেক্ষে বোনাস প্রদেয়
৪।	পল্লী সঞ্চয় স্কীম (RDS)	৭ বছর	৮.০০% (সরল সুদ)	-
৫।	বিবাহ সঞ্চয় স্কীম (MSS)	১০ বছর	৭.০০%	যথাসময়ে কিস্তি জমা সাপেক্ষে বোনাস প্রদেয়
৬।	স্কুল ব্যাংকিং (SBS)		৬.০০%	
৭।	মাসিক উপার্জন প্রকল্প (MES) (হিসাব খোলা সাময়িকভাবে স্থগিত)	-	-	(হিসাব খোলা সাময়িকভাবে স্থগিত)
৮।	ডাবল বেনিফিট স্কীম (DBS)	-	-	(হিসাব খোলা সাময়িকভাবে স্থগিত)
৯।	সোনালী ব্যাংক ডেইলি প্রডাক্ট হিসাব (SBDP)		৫.০০%	
১০।	অনিবাসী আমানত স্কীম (NRDS)	৫ বছর	১০.০০% (সরল সুদ)	-
১১।	অবসর সঞ্চয় প্রকল্প (RSS)	৩ বছর	১১.০০% (সরল সুদ)	-
১২।	সোনালী ব্যাংক অবসর সঞ্চয় প্রকল্প **(SBRSS)**	৩-১৫বছর	১০.০০% (সরল সুদ)	
১৩।	ট্রিপল বেনিফিট স্কীম (TBS)			(হিসাব খোলা সাময়িকভাবে স্থগিত)
১৪।	সোনালী ব্যাংক মিলিওনিয়ার স্কীম (SBMS)	৫ বছর হতে ২০ বছর পর্যন্ত	৭.০০% (চক্রবৃদ্ধি)	-
১৫।	সোনালী কৃষক সঞ্চয় স্কীম(SKSS)	৭ বছর	৯.০০% (চক্রবৃদ্ধি)	

(সুদের হার ঃ সময়ে সময়ে পরিবর্তনযোগ্য)

ঋণ ও অগ্রিমের মুনাফার হার ঃ

ঋণ ও অগ্রিম এর খাত	মুনাফার হার
পল্লী ঋণ ঃ	
কৃষি ঋণের বিভিন্ন কর্মসূচী ও প্রকল্প ঋণঃ ক) বিশেষ কৃষি ঋণ কর্মসূচী ঃ ০১) ডাল, মসলা, তৈলবীজ ও ভূট্টা ব্যতীত অন্যান্য ফসল ০২) ডাল, মসলা, তৈলবীজ ও ভূট্টার ক্ষেত্রে	 ১০.০০% ৪.০০%
খ) ইক্ষু উৎপাদন ঋণ (মিল এলাকায়)	১০.০০%
গ) পুকুরে মৎস্য চাষ ও চিংড়ি চাষ কর্মসূচী	১১.০০%
ঘ) বিশেষ বিনিয়োগ কর্মসূচী (পশু পালন,দুগ্ধ খামার, মৎস্য ও হাঁস-মুরগীর খামার)	১১.০০%
ঙ) কলা চাষ এবং পানের বরজ	১১.০০%
চ) কৃষি খামার ঋণ কর্মসূচী ঃ (সাবেক কৃষিজ শিল্প) মৎস্য/চিংড়ি, হাঁস মুরগীর খামার, গরু মোটা তাজাকরণ, মৎস্য/ পোল্ট্রি/ চিংড়ি হ্যাচারী এবং এগ্রো কমপ্লেক্স বা কম্পোজিট প্রকল্প (যেমন হাঁস-মুরগী, মৎস্য, ডেইরী ও মৎস্য/ পোল্ট্রি ফিড তৈরী ইত্যাদি সমন্বিত প্রকল্প)}।	১১.০০%
ছ) শস্য বহির্ভূত কৃষি এবং অকৃষি খাতে বিনিয়োগ কর্মসূচী ঃ	১১.০০%
জ) সার ডিলার ঋণ	১১.০০%
ঝ) ফার্মিং এন্ড অফ ফার্মিং (সনাতন চিংড়ি চাষ, লবণ চাষ, উদ্যান উন্নয়ন, পল্লী পরিবহন, হালের গরু-মহিষ, কলা চাষ, হাঁস-মুরগীর খামার স্থাপন, তামাক, নার্সারী ও দুগ্ধ খামার স্থাপন)	১১.০০%
ঞ) সামাজিক বনায়ন	১০.০০%
ট) কৃষি ঋণ(রাঙ্গামাটি পার্বত্য জেলাসমূহের জন্য)ঃ	
-উপ-জাতীয়, অ-উপজাতীয় এবং সংস্হা নির্বিশেষে	৫.০০%
মাইক্রো ক্রেডিটঃ	
ক) ছাগল পালন কর্মসূচী	১২.০০%
খ) ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচী (৫০,০০০ টাকা পর্যন্ত সহায়ক জামানত বিহীন)	১২.০০%
গ) গ্রামীন ক্ষুদ্র ব্যবসা ঋণ কর্মসূচী (৫০,০০০ টাকা পর্যন্ত সহায়ক জামানত বিহীন)	১২.০০%
ঘ) সেচ যন্ত্র ও কৃষি যন্ত্রপাতি (ব্যক্তি পর্যায়ে)	১২.০০%
আর্থ সামাজিক কর্মকান্ড ও দারিদ্র বিমোচন ঋণ কর্মসূচী ঃ	
ক) স্বনির্ভর	১১.০০%
খ) বার্ড সোনালী ব্যাংক প্রয়োগিক গবেষণা প্রকল্প ঋণ কর্মসূচী	১০.০০%
গ) আরডিএ বগুড়া-সোনালী ব্যাংক প্রায়োগিক গবেষণা প্রকল্প কর্মসূচী	১০.০০%
ঘ) শস্য গুদাম	১১.০০%
ঙ) এমএসএফএসসিআইপি (Marginal and Small Farms Systems Crop Internsification Project)	১১.০০%
চ) উন্মেষ	১১.০০%
ছ) শহুরে মহিলা ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ কর্মসূচী (CUMED)	১১.০০%
জ) জাগো নারী গ্রামীণ ঋণ	১১.০০%
ঝ) লবণ উৎপাদন ঋণ (ক্ষুদ্র প্রান্তিক ও বর্গাচাষীদের লবণ উৎপাদন ঋণের সুদ হার সরকারী নীতিমালার আলোকে ১০% প্রযোজ্য হবে)	১১.০০%
ঞ) দারিদ্র বিমোচন সহায়তা কর্মসূচী	১১.০০%
ট) ফলজ,বনজ, ভেষজ	১১.০০%
ঠ) সিডর/আইলা দূর্গতদের ঋণ	৮.০০%
ড) এনজিও লিংকেজ (নিজস্ব অর্থায়ন)	১০.৫০%
বিআরডিবিভূক্ত সমবায়ীদের ঋণ ঃ	
ক) সেচ যন্ত্র ও কৃষি যন্ত্রপাতি	১১.০০%
খ) শস্য ঋণ কর্মসূচী	১০.০০%
গ) মহিলা কর্মসূচী	৯.০০%
ঘ) চিংড়ি প্রকল্প	১০.০০%
ঙ) আরএলপি	৭.২৫%
(অবলুপ্ত/বন্ধ হয়ে যাওয়া বিআরডিবি-ইউসিসিএ'র প্রকল্পে বকেয়া থাকলে সেসকল প্রকল্পে সংশ্লিষ্ট দাতা সংস্থা/ বিআরডিবি-ইউসিসিএ'র সহিত স্বাক্ষরিত সমঝোতা চুক্তি অনুযায়ী মুনাহার হার প্রযোজ্য হবে)	-

কৃষিভিত্তিক প্রকল্প অর্থায়ন ঃ	
কৃষি ভিত্তিক শিল্পে ঋণ (তালিকা মোতাবেক) ঃ	
(ক) প্রকল্প ঋণ	১৩.০০%
(খ) চলতি মূলধন	প্লেজ ঃ ১৩.০০% হাইপোঃ ১৩.০০%
(গ) রাইস মিলে ঋণ ঃ	
০১) প্রকল্প	১৩.০০%
০২) চলতি মূলধন	প্লেজ ঃ ১৩.০০% হাইপোঃ ১৩.০০%
(ঘ) হিমাগারে প্রকল্প ঋণ	১৩.০০%
(ঙ) হিমাগারে চলতি মূলধন ঋণ	প্লেজ ঃ ১৩.০০% হাইপোঃ ১৩.০০%
(চ) রপ্তানীমূখী হিমায়িত খাদ্য ঃ প্রকল্প ঋণ	১৩.০০%
চলতি মূলধন	প্লেজ ঃ ১৩.০০% হাইপোঃ ১৩.০০%
শিল্প প্রকল্প অর্থায়ন ঃ	
শিল্প প্রকল্প ঋণ ঃ (ক) বৃহৎ ও মাঝারী শিল্প প্রকল্পে মেয়াদী ঋণ	১৩.০০%
(খ) চলতি মূলধন ঋণ	প্লেজ ঃ ১৩.০০% হাইপোঃ ১৩.০০%
ক্ষুদ্র ও কুটির শিল্পে মেয়াদী ঋণ ঃ ক) ৩.০০ কোটি টাকা পর্যন্ত খ) ৩.০০ কোটি টাকার উপরে ১০.০০ কোটি টাকা পর্যন্ত	১৩.০০% ১৩.০০%

আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন ঃ

ঋণ ও অগ্রিমের বিদ্যমান খাত ও মুনাফার হার	অনুমোদিত হার/সংশোধনী
(১) প্রিশিপমেন্ট ক্রেডিট ও প্যাকিং ক্রেডিট (এক্সপোর্ট ক্রেডিট) মুনাফার হার ৭.০০% Sight Contract এর বিপরীতে প্রি-শিপমেন্ট ক্রেডিট ও প্যাকিং ক্রেডিট প্রদান করা যাবে deferred contract এর বিপরীতে প্রি-শিপমেন্ট ক্রেডিট ও প্যাকিং ক্রেডিট প্রদান করা যাবে না। **মেয়াদ** ঃ বিতরণের তারিখ হতে ১২০ দিন। মেয়াদোত্তীর্ণের তারিখ হতে বাণিজ্যিক ঋণের মুনাফার হার প্রযোজ্য হবে।	ক) প্রিশিপমেন্ট ক্রেডিট ও প্যাকিং ক্রেডিট (এক্সপোর্ট ক্রেডিট) মুনাফার হার ৭.০০%। রপ্তানী ঋণপত্র এবং at sight contract এর বিপরীতে প্রিশিপমেন্ট ক্রেডিট ও প্যাকিং ক্রেডিট প্রদান করা যাবে, তবে Defered Contract এর বিপরীতে প্রি-শিপমেন্ট ক্রেডিট ও প্যাকিং ক্রেডিট প্রদান করা যাবে না। মেয়াদ, পিসি ঋণের মেয়াদ হবে ঋণপত্র/চুক্তিপত্রে উল্লেখিত Expiry date+ ২১ দিন অথবা পিসি বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ১২০ দিন, যা আগে আসবে। কাঁচা পাট, মাছ, সব্জি ও পঁচনশীল পণ্য রপ্তানীর ক্ষেত্রে Expiry date+ ২১ দিন সর্বোচ্চ ৬০ দিন, যা আগে আসবে। মেয়াদোত্তীর্ণের তারিখ হতে বাণিজ্যিক ঋণের মুনাফার হার ১৫% প্রযোজ্য হবে।
(০২) রপ্তানীমূখী হিমায়িত খাদ্য/মৎস্য প্রক্রিয়াকরণএবং চামড়া খাতে সিসি প্লেজ ও হাইপোঃ মুনাফার হার ১২.০০% এই সুবিধার মেয়াদ হবে ২৭০ দিন। ২৭০ দিনের মধ্যে রপ্তানী না হলে অতিরিক্ত সময়ের জন্য সাধারণ ঋণের সুদ হার প্রযোজ্য হবে।	রপ্তানীমুখী হিমায়িত খাদ্য, মাছ, চামড়া প্রক্রিয়াকরণ ও চামড়াজাত পণ্য রপ্তানীকারী প্রতিষ্ঠানের অনুকূলে মঞ্জুরীকৃত চলতি মূলধন ঋণ (সিসি হাইপোঃ এবং প্লেজ)। মুনাফার হার ১২.০০% এই সুবিধার মেয়াদ হবে ২৭০ দিন। ২৭০ দিনের মধ্যে রপ্তানীর মাধ্যমে দায় সমন্বয় না হলে অতিরিক্ত সময়ের জন্য বাণিজ্যিক ঋণের মুনাফার হার ১৫% প্রযোজ্য হবে।

(০৩) নগদ সহায়তার বিপরীতে প্রদত্ত (সাময়িক) সুদের হার ১৫%	অপরিবর্তিত ১৫%।
(০৪) এফবিপিএন ঃ মুনাফার হার ০.০০% Sight Bill এবং Usance Bill উভয় ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে ১৫(পনের) দিন। মেয়াদোত্তীর্ণের তারিখ হতে বাণিজ্যিক ঋণের মুনাফার হার প্রযোজ্য হবে।	এফবিএন ঃ মুনাফার হার ০.০০% (i) Sight Bill এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে এফবিপিএন সৃষ্টির তারিখ হতে ২১ (একুশ) দিন। (i i) শুধুমাত্র LC এর বিপরীতে Usance Billএর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে Usance Period + ৮ দিন। (i i i) মেয়াদোত্তীর্ণের তারিখ হতে বাণিজ্যিক ঋণের মুনাফার হার প্রযোজ্য হবে।
ঋণ ও অগ্রিমের বিদ্যমান খাত ও মুনাফার হার	অনুমোদিত হার/সংশোধনী
(০৫) অন্যান্য বাণিজ্যক ঋণ ঃ (লিম, পিএডি, এলআইবি, এলটিআর, ফোর্সড ঋণসহ) মুনাফার হার ১৩%। মেয়াদ ঃ লিম-শিল্পের ক্ষেত্রে-৬০ দিন, ব্যবসার ক্ষেত্রে-৩০ দিন, পিএডি-২১ দিন, এলটিআর-১২০ দিন, এলআইবি-ডিউডেট+৮ দিন।	অন্যান্য বাণিজ্যক ঋণ ঃ (লিম, পিএডি, এলআইবি, এলটিআর, ফোর্সড ঋণসহ) মুনাফার হার ১৩%। মেয়াদ ঃ লিম-শিল্পের কাঁচামাল আমদানীর বিপরীতে লিম এর ক্ষেত্রে-৬০ দিন, ব্যবসা/বাণিজ্যিক পণ্য আমদানীর ক্ষেত্রে-৩০ দিন, এলটিআর সর্বোচ্চ-৯০ দিন, এলআইবি-ডিউডেট+৮ দিন। ফোর্সড ঋণ এবং পিএডি এর মেয়াদের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ২২-০৪-২০১৪ তারিখের ৫৮০ সংখ্যক পরিপত্র অনুসরণযোগ্য। (চাল, ডাল, গম, ছোলা, খেজুর, পিঁয়াজ, ভোজ্যতেল ও চিনি আমদানীর ক্ষেত্রে ১২.৫০% সুদ হার প্রযোজ্য হবে। তবে মেয়াদোত্তীর্ণের তারিখ হতে বাণিজ্যিক ঋণের মুনাফার হার ১৫% প্রযোজ্য হবে)।

সাধারণ ঋণ ঃ

(ক) সিসি (হাইপোঃ)	১৩.০০%
(খ) সিসি (প্লেজ)	১৩.০০%
(গ) ওভারড্রাফট	১৩.০০%
(ঘ) সাধারণ গৃহ নির্মাণ ঋণ (আবাসিক)	১৩.০০%
(ঙ) সাধারণ গৃহ নির্মাণ ঋণ (বাণিজ্যিক)	১৩.৫০%
(চ) ডেভলপার প্রতিষ্ঠানের অনুকূলে টার্ম লোন/এসওডি	১৩.৫০%
(ছ) খাদ্য মন্ত্রণালয়কে প্রদত্ত ঋণ	১৪.০০%
(জ) পরিবহন ঋণ	১৫.০০%
(ঝ) বিএডিসিকে প্রদত্ত ঋণ	১৪.০০%
(ঞ) ওয়েজ আর্নার্স বন্ডের বিপরীতে ঋণ	১৩.০০%
(ট) ইন্স্যুরেন্স পলিসি/ডিপি নোট/শেয়ার/ ডিবেঞ্চারের বিপরীতে ঋণ	১৪.০০%
(ঠ) কার্যাদেশ এর বিপরীতে ঋণ	১৫.০০%
(ড) এফডিআর এর বিপরীতে ঋণ	
-নিজ ব্যাংকে এফডিআর এর ক্ষেত্রে	গ্রাহককে প্রদত্ত সুদ হার অপেক্ষা ৩% বেশী
-অন্যান্য ব্যাংকের এফডিআর এর ক্ষেত্রে	১৪%
(ঢ) ডিপিএস এর বিপরীতে ঋণ	গ্রাহককে প্রদত্ত সুদ হার অপেক্ষা ৩% বেশী
(ণ) এসডিপিএস এর বিপরীতে ঋণঃ	
- ৫ বছর মেয়াদী	গ্রাহককে প্রদত্ত সুদ হার অপেক্ষা ৩% বেশী
- ১০ বছর মেয়াদী	গ্রাহককে প্রদত্ত সুদ হার অপেক্ষা ৩% বেশী
(ত) সোনালী সঞ্চয় স্কীম (এসডিএস) এর বিপরীতে ঋণ	-ঐ-
(থ) শিক্ষা সঞ্চয় স্কীম (ইডিএস) এর বিপরীতে ঋণ	-ঐ-

(দ) চিকিৎসা সঞ্চয় স্কীম (এমডিএস)	-ঐ-
(ধ) পল্লী সঞ্চয় প্রকল্প (আরডিএস)	-ঐ-
(ন) বিবাহ সঞ্চয় স্কীম (এমএসএস)	-ঐ-
(প) মাসিক উপার্জন প্রকল্প (এমইএস)ঃ	-ঐ-
-৩ বছর মেয়াদী	-ঐ-
- ৫ বছর মেয়াদী	-ঐ-
(ফ) ডাবল বেনিফিট স্কীম (ডিবিএস)	-ঐ-
(ব) অনিবাসি আমানত স্কীম (এনআরডিএস)	-ঐ-
(ভ) ব্রীজ ফাইন্যান্সিং	১৩.০০%
(ম) পার্সোনাল ঋণ	১৩.৫০%
(য) বিশেষ ক্ষুদ্র ঋণ	১৩.০০%
(র) ক্ষুদ্র ব্যবসা	১৩.০০%
(ল) শিক্ষা	১২.০০%
(শ) প্রবাসী কর্মসংস্থান	১২.০০%
(ষ) টার্ম লোন টু নন ব্যাংকিং ফাইনান্সিয়াল ইন্সটিটিউশন	১১.০০%
(স) ক্ষুদ্র ঋণ	১৩.০০%
(হ) বিবিধ(অনুল্লিখিত খাতসমূহ)	১৩.০০%
এসএমই ঃ (ক) প্রকল্প ঋণ (সৌরশক্তিসহ সকল খাত)	১৩.০০%
(খ) চলতি মূলধন	প্লেজ ১৩.০০% হাইপোঃ ১৩.০০%
(গ) নারী উদ্যোক্তা ঋণ (প্রকল্প ও চলতি মূলধন)	১২.০০%
কর্মচারী ঋণ ঃ (ক) কর্মচারী গৃহ নির্মাণ ঋণ ঃ (১) যারা পূর্বে ৪% সুদ হারে ঋণ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে- (২) অন্যান্যদের ক্ষেত্রে- (খ) কর্মচারী মোটর সাইকেল ঋণ- ব্যাংক রেট (গ) কর্মচারী বাই সাইকেল ঋণ- ব্যাংক রেট	ক) (১) ৪.০০% (২) অন্যান্যদের ক্ষেত্রে - ব্যাংক রেট (বর্তমানে ৫%) খ) ব্যাংক রেট (বর্তমানে ৫%) গ) ব্যাংক রেট (বর্তমানে ৫%) ০৬ নভেম্বর-২০০৩ থেকে কার্যকর
(ঘ) রিবেট সুবিধাদি ঃ (গৃহ নির্মাণ ঋণসহ)	৫% থেকে ১০% পর্যন্ত।
কার্ড ডিভিশন (সোনালী ক্রেডিট)	১৪%

অগ্রাধিকার প্রাপ্ত (Thrust Sector)-এর অধীনে নিম্নোক্ত উপখাতসমূহে প্রকল্প ঋণ প্রদানের ক্ষেত্রে ঃ ০১) কৃষি নির্ভর শিল্প (আলু সংরক্ষণের হিমাগার ব্যতীত) ০২) কম্পিউটার সফটওয়ার ও তথ্য প্রযুক্তি/ডাটা রপ্তানী ০৩) কৃত্রিম ফুল উৎপাদন ০৪) হিমায়িত খাদ্য (Including Frozen Chicken & Meat) ০৫) উপহার সামগ্রী ০৬) ১০০% রপ্তানীমূখী ফিনিশড লেদার গুডস ০৭) ১০০% রপ্তানীমূখী পাটজাত পণ্য ০৮) জুয়েলারী এবং ডায়মন্ড কাটিং ও পলিশিং ০৯) তৈল ও গ্যাস ১০) গুটি পোকার চাষ ও রেশম শিল্প ১১) ষ্টাফ্‌ড টয়েজ ১২) ১০০% রপ্তানীমূখী বস্ত্র শিল্প	১২.৫০%